

যুগান্তর

তারিখ
পৃষ্ঠা ১৬ কলাম ... ৭

ঢাকা কলেজে ছাত্রদলের ভাংচুর : শিক্ষক আহত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

অনার্স ভর্তির ক্ষেত্রে ছাত্র সংগঠনগুলোর জন্য কোটা সংরক্ষণের দাবিতে ছাত্রদল কর্মীরা গতকাল ঢাকা কলেজে ব্যাপক ভাংচুর করেছে। এ কারণে গতকালের ভর্তির প্রক্রিয়া স্থগিত রাখা হয়। ভাংচুরকালে একজন শিক্ষক আহত হয়েছেন। কলেজ ক্যাম্পাসে পুলিশ মোতায়েন করা হয়েছে।

জানা গেছে, কোটা পরিসীমায় ভর্তি প্রক্রিয়ার মাধ্যমে ছাত্র নেতৃত্ব প্রভিবাহুর দাবি রাখা টাকা হাতিয়ে নেয়। এ বছর কেন্দ্রীয়ভাবে জাতীয় বিশ্ববিদ্যালয় ভর্তি প্রক্রিয়া তদারকান করায় তারা সে সুযোগ পান্নে না। কিন্তু ঢাকা কলেজের ছাত্রদল নেতারা কোটার জন্য কলেজ কর্তৃপক্ষকে নানাভাবে চাপ সৃষ্টি করতে থাকে। কর্তৃপক্ষ তাদের কাছে নতিস্বীকার না করায় গতকাল সকাল ১১টায় কলেজ শাখা ছাত্রদলের ৩০/৩৫ জনের একটি গ্রুপ অধ্যক্ষের কার্যালয়ের সামনে অবস্থিত অভিটোরিয়াম ও অফিসকক্ষে ভাংচুর চালায়। এ সময় ক্যাম্পাস জুড়ে আতঙ্ক ছড়িয়ে পড়ে। ভর্তি হতে আসা ছাত্ররা ছুটোছুটি করতে থাকে। হামলাকারীরা দরজা-জানালায় কাচ ভাঙুর করে। চেয়ার-টেবিল ছুড়ে ফেলে। এ সময় সিদ্দিকুর রহমান নামে এক শিক্ষক আহত হন। কলেজ কর্তৃপক্ষ দিনের ভর্তি কার্যক্রম স্থগিত করতে বাধ্য হয়। তাঁর আর থেকে যথারীতি ভর্তি কার্যক্রম চলবে বলে কর্তৃপক্ষ জানিয়েছে।